

নতুন ধারার দৈনিক

# আমাদেরময়

## বঙ্গবন্ধু বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের ভাঙচুর আটক ১৮

প্রকাশ | ০৯ মে ২০১৮, ০০:০০



গাজীপুর প্রতিনিধি

সেমিস্টার সিস্টেম ও ভর্তিতে সিজিপি কমানোর দাবিসহ ১৩ দফা দাবিতে গাজীপুর বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে ভাঙচুর করেছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় তাদের হামলায় বিশ্ববিদ্যালয়ের কর্মচারী আইয়ুবসহ বেশ কয়েকজন আহত হন। গতকাল মঙ্গলবার রাতে এ ঘটনা ঘটে।

ঘটনাস্থল থেকে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সভাপতি ফজলে রাবির বাঁধন ও সাধারণ সম্পাদক মীর ওবায়দুর রহমান শাওনসহ ১৮ জনকে আটক করেছে পুলিশ।

পুলিশ ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ জানায়, সিজিপি গ্রেড কমানো, সেমিস্টার সিস্টেম প্রবর্তনসহ ১৩ দফা দাবিতে সন্ধ্যায় ক্যাম্পাসের মূল ফটকে আন্দোলনে নামে ছাত্রলীগের নেতাকর্মীরা। এক পর্যায়ে ৩০-৩৫ শিক্ষার্থী ক্যাম্পাসে প্রবেশ করে ব্যাপক ভাঙচুর চালায়। এতে বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও শিক্ষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আন্দোলনকারীরা ভিসির কার্যালয় প্রায় এক ঘণ্টা অবরোধ করে রাখে। পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন রয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রস্তর আরিফুর রহমান খান জানান, আন্দোলনরত শিক্ষার্থীরা বহিরাগত কিছু লোক নিয়ে তেতরে চুকে ভিসি ও ট্রেজারারের গাড়ি এবং প্রসাশনিক ভবনে ব্যাপক ভাঙচুর চালায়।

তিনি আরও জানান, আটক ছাত্রলীগের সভাপতি বাঁধন ও সহসভাপতি তারিক বর্তমানে এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র নয়। তাদের যে দাবি তা বিশ্ববিদ্যালয়ের আইনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ নয়। বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী মাস্টার্সে ভর্তি হতে একজন ছাত্রকে ন্যূনতম সিজিপি ও থাকতে হয়।

কিন্তু তারা ২.৫ সিজিপি দিয়ে মাস্টার্সে ভর্তির জন্য আন্দোলন করছে যা গুণগত উচ্চতর শিক্ষার পরিপন্থী।

**ভারপ্রাপ্ত সম্পাদক : মোহাম্মদ গোলাম সারওয়ার**

১১৮-১২১, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

ফোন: ৮৮৭৮২১৩-১৮ ফ্যাক্স: ৮৮৭৮২২১ বিজ্ঞাপন: ৮৮৭৮২১৯, ০১৭৬৪১১৯১১৮

ই-মেইল : news@dainikamadershomoy.com, editor@dainikamadershomoy.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৭ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি